সংবাদ

013

তারিখ 09 SEP 1985
পৃষ্ঠা 1 কলাম 1

# প্রাথমিক বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন দান বন্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাইমারী স্কুল রেজিষ্ট্রেশন আইন সংশোধন করা সাপেক্ষে নতুন প্রাইমারী স্কুলের রেজিষ্ট্রেশন দেয়া বন্ধ রাখা হয়েছে। আইনটির সংশোধনীর খসড়া বর্তমানে শিক্ষা মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের বিবেচনাধীন রয়েছে।

উপজেলা পরিষদের চেয়ারম্যান নির্বাচনের পূর্বে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের ডেপুটি ডিরেক্টরগণ প্রাইমারী স্কুলের রেজিষ্ট্রেশন প্রদান করতেন। প্রাথমিক শিক্ষা উপজেলা পরিষদের পরিচালনাধীনে ন্যস্ত করায় চেয়ারম্যান নির্বাচনের পর নয়া রেজিষ্ট্রেশন দেয়া বন্ধ রাখা হয়েছে। প্রাইমারী স্কুল রেজিষ্ট্রেশন আইনটি সংশোধন করে উপজেলা পরিষদকে রেজিষ্ট্রেশন দেয়ার ক্ষমতা দেয়া হবে।

## রাষ্ট্রপতির প্রতিশ্রুতি ব্যতীত—

গত ৪ঠা আগষ্ট তারিখে প্রধান সামরিক আইন প্রশাসকের দপ্তর থেকে প্রদত্ত এক নির্দেশে বলা হয় যে, রাষ্ট্রপতির প্রতিশ্রুতি ব্যতীত কোন বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসা জাতীয়করণ করা যাবে না। প্রাইমারী এবং টেকনিক্যাল স্কুলের ক্ষেত্রেও এ আদেশ প্রযোজ্য বলে শিক্ষা মন্ত্রণালয় থেকে বলা হয়েছে।